শেখ হাসিনার উদ্যোগ
**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩**
**Mymensingh Palli Bidyut Samity-3.**
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৩. ৫৪২ তারিখ: ২৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ / ০৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

# "আন্ত:পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতোপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ এর সংশ্লিষ্ট পদের প্রারম্ভিক বেতন, যা বেশী, তা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। | ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬(ছয়)/ ০৯ (নয়) বছর বা তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের পূর্বতন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।<br>ঘ) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভৌগলিক এলাকার (ময়মনসিংহ জেলার সদর, গৌরীপুর, ঈশ্বরগঞ্জ, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া ও তারাকান্দা উপজেলার) স্থায়ী বাসিন্দা/ ময়মনসিংহ পবিস-৩ এ ইতোপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।<br>ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরতযোগ্য।<br>চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট Web: pbs3.mymensingh.gov.bd হতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) এর জন্য নির্ধারিত আবেদন ফরম A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৬/০২/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে (সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না)। নির্দিষ্ট ফরম ব্যতীত অন্য কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের দাপ্তরিক সময়সীমার পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়নপত্র (০৩, ০৬ ও ০৯ বৎসর ইত্যাদি) সত্যায়িত করে আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৩। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ সংশ্লিষ্ট পবিসের এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করতে হবে।

অঃপৃঃদ্রঃ

০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশান রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর নূন্যতম ০২/০১ (দুই/ এক) দিনের বিরতী দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে । এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩)মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই চুক্তিতে ০৯(নয়) বৎসরের অধিককাল চাকুরী অথবা জন্ম তারিখ মোতাবেক ৫৫(পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে) তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না ।

০৬। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে ।

০৭। চুক্তিকালীন সময়ে প্রতি বছরান্তে একটি নির্দিষ্ট ফরমে বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে নির্ধারিত মূল বেতনের সাথে একটি বার্ষিক প্রবৃদ্ধি প্রদান পূর্বক পরবর্তী বছরের মূল বেতন নির্ধারণ করা হবে। যা চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্ব পর্যন্ত চলমান থাকবে।

০৮। দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।

০৯। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১০। ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই ।

১১। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। এছাড়াও এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে । যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রে কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে ।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি : (সদয় অবগতির জন্য)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (কেঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----------------------------পবিস-১/২/৩/৪।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৫। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
০৬। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
০৭। এজিএম (অর্থ/সদস্য সেবা/প্রশাসন/ওএন্ডএম/আইটি/এইচআর), মপবিস-৩।
০৮। জুনিঃ ইঞ্জিঃ (আইটি), মপবিস-৩ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৯। নোটিশ বোর্ড, মপবিস-৩।
১০। অফিস কপি/ মাস্টার কপি।

বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

F:\Monzu\HR Depertment\02.008-Neiog Biggopti------.docx

ফরম নং- পমাসপ ১১০-০০২,
ভার্সন-০১
অনুমোদিত তারিখঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

শেখ হাসিনার উদ্যোগ

## ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

| পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে। |
|---|

জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং .........

.......................................................
০২. আবেদনকৃত পদের নাম
( বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে )

০৩. পদের ধরন ঃ চুক্তিভিত্তিক

.......................................................
০৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

.......................................................
০৫. প্রকাশনার তারিখ

.......................................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

.......................................................
( বড় হাতের অক্ষরে ইংরেজীতে )

.......................................................
০৭. জন্ম তারিখ (পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী)

........./........./.............. (দিন/মাস/বছর)

.......................................................
০৮. মাতার নাম

০৯. বয়স (২৬/০২/২০২৩ খ্রিঃ তারিখে )

.......................................................
১০. পিতার নাম

.......................................................
১১. ধর্ম

.......................................................
১২. জাতীয়তা

.......................................................
১৩. নিজ জেলা

.......................................................
১৪. মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন) ঃ

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| ............................... | ............................... | ............................... | ............................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ............................... | ............................... | ............................... | ............................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| ---------- শ্রেণী | | | | |
| এসএসসি / সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে): ৩/৬/৯/১২/১৫ বছর।

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন /মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

..................................
তারিখ

......................................................
আবেদনকারীর স্বাক্ষর